মেহেরপুরে সাবেক কাউন্সিলরসহ ৩ আসামি গ্রেফতার

মেহেরপুরে সন্ত্রাস দমন আইনে সাবেক কাউন্সিলর মঞ্জুরুল কবির রিপনসহ ৩ জনকে গ্রেফতার করেছে পুলিশ।

গতকাল সোমবার রাতে মেহেরপুর সদর থানা পুলিশের একাধিক টিম শহরের বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করে।

গ্রেফতার কৃত মঞ্জুরুল কবির রিপন মেহেরপুর পৌরসভার ৮ নম্বর ওয়ার্ডের সাবেক কাউন্সিলর ছিলেন। বাকিরা হলেন- শিশু বাগান পাড়ার নুরুল ইসলামের ছেলে এনামুল হক বাবু, নতুন পাড়ার আব্দুল কাদেরের ছেলে হৃদয়।

মেহেরপুর সদর থানার ওসি মেসবাহ উদ্দিন জানান, সারাদেশে অপরারেশন ডেভিল হান্ট অভিযানের অংশ হিসেবে সন্ত্রাস দমন আইনে তাদের গ্রেফতার করা হয়েছে। মঙ্গলবার সকালে তাদের আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

এছাড়া মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে গাংনী উপজেলার নওয়াপাড়া থেকে দবির আলী নামের এক আসামিকে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

গাংনীতে শিক্ষক কর্মচারীদের বিক্ষোভ সমাবেশ ও র্যালী

মেহেরপুরের গাংনী উপজেলার সকল বেসরকারি কলেজ শিক্ষকদের চাকুরি জাতীয় করনের দাবীতে র্যালী ও বিক্ষোভ সমাবেশ করেছে বেসরকারি কলেজ শিক্ষক সমিতি গাংনী উপজেলা শাখা।

মঙ্গলবার বেলা ১১ টার সময় গাংনী উপজেলা পরিষদ চত্বর শহীদ মিনারের সামনে এ কর্মসুচি পালন করেন তারা।

‘হাতে হাত,কাধে কাধ, এক সাথে চলবো পথ, এ প্রতিপাদ্যে শিক্ষক কর্মচারিদের বাৎসরিক মিলন মেলা অনুষ্ঠানের আগে বিক্ষোভ সমাবেশ ও র্যালী করেন তারা।

উপজেলা কলেজ শিক্ষক সমিতির সভাপতি বেদারুল আলমের নেতৃত্বে একটি র্যালী গাংনী উপজেলা পরিষদ চত্বর থেকে বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। র্যালী শেষে উপজেলা পরিষদ চত্বরে বিক্ষোভ সমাবেশ করেন শিক্ষকরা।

সমাবেশে বক্তব্য রাখেন বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সভাপতি মোঃ বেদারুল আলম,সাধারণ সম্পাদক এসএম সায়েম,নির্বাহী সদস্য মোঃ আবুল কালম আজাদ সপন প্রমুখ।

এসময় শিক্ষকরা সরকারের কাছে দাবী কেও বলেন, সরকারি শিক্ষকরা যে সিলেবাস অনুযায়ী শিক্ষাকরা পাঠ দান করেন। আমরাও সেই সিলেবাস ও নিয়মকানুন অনুযায়ীকলেজ পরিচালনা করি। তবে কেনো আমাদেও সাথে বৈষম্য করা হয়। বক্তারা বলেন, আমরা আমাদের অধিকার আদায়ে বৃহৎ কর্মসুচি পালন করবো।

মেহেরপুরে গ্রাম আদালত কার্যক্রম পর্যালোচনা শীর্ষক সমন্বয় সভা

মেহেরপুরে জেলা পর্যায়ে গ্রাম আদালত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা ও করণীয় শীর্ষক অর্ধবার্ষিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

বাংলাদেশ গ্রাম আদালত সক্রিয়করণ (তৃতীয় পর্যায়) প্রকল্পের আওতায় স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এই সভার আয়োজন করে।

মঙ্গলবার (১১ ফেব্রুয়ারি) সকাল ১০টায় মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

সভায় স্থানীয় সরকার উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) মো. তরিকুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুরের রিসোর্স পার্সন ও অতিরিক্ত জেলা প্রশাসক (স্থানীয় সরকার) মো. রনি আলম নুর, সরকারি সহকারী পরিচালক মো. আবীর হোসেন, মেহেরপুর ও চুয়াডাঙ্গা ওয়েব ফাউন্ডেশনের ডিস্ট্রিক্ট ম্যানেজার মো. আসাদুজ্জামান, স্থানীয় সরকার প্রশাসনিক রেজিস্ট্রেশন কর্মকর্তা মো. আব্দুল হামিদ প্রমুখ।

এই সমন্বয় সভায় গ্রাম আদালতের কার্যক্রমের বর্তমান অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং ভবিষ্যতে আরও কার্যকরভাবে পরিচালনার জন্য বিভিন্ন দিক-নির্দেশনা প্রদান করা হয়।

মেহেরপুর জেলার জেলা ক্রীড়া সংস্কার এ্যাডহক কমিটি অনুমোদন

সাত সদস্য বিশিষ্ট মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার অ্যাডহক কমিটি অনুমোদন করেছে জাতীয় ক্রীড়া পরিষদ।

সম্প্রতি জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ২০১৮ এর ধারাঃ ২ (১৫)-এ উল্লিখিত স্থানীয় ক্রীড়া সংস্থার সংশ্লিষ্ট গঠনতন্ত্র মোতাবেক জাতীয় ক্রীড়া পরিষদের উপর অর্পিত ক্ষমতা অনুসরণে মেহেরপুর জেলার জেলা ক্রীড়া সংস্থার আজমক কমিটি অনুমোদন করে।

পদাধিকার বলে জেলা প্রশাসক সিফাত মেহেনাজকে আহ্বায়ক ও জেলা ক্রীড়া কর্মকর্তা আরিফ আহমেদকে সদস্য সচিব করা হয়েছে। কমিটিতে সাবেক খেলোয়াড় হিসেবে আসাদুজ্জামান লিটন, খেলোয়াড় হিসেবে মো. সাঈদ হোসেন জিকো, ক্রীড়া অনুরাগী হিসেবে মো. আলামিন ইসলাম বকুল, ছাত্র প্রতিনিধি হিসেবে মো. তামিম ইসলাম এবং

ক্রীড়া সাংবাদিক হিসেবে মিজানুর রহমানকে সদস্য করা হয়েছে।

মেহেরপুরে ২ নং ওয়ার্ড বিএনপির কর্মী সমাবেশ

বিএনপি কেন্দ্র ঘোষিত প্রতিক্রিয়া দলের পূর্ণগঠন জাতীয় স্থায়ীয় পর্যায়ের সকল চ্যালেঞ্জ মোকাবেলায় সক্ষমতা অর্জনের মেহেরপুর পৌরসভা ২ নং ওয়ার্ড বিএনপির কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (১০ ফেব্রুয়ারি) রাত ৭ টার দিকে মেহেরপুর পৌরসভা ২ নং ওয়ার্ড পৌর বিএনপির উদ্যোগে আয়োজনে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য ইলিয়াস হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাড. কামরুল হাসান, যুগ্ম আহবায়ক আমিরুল ইসলাম ও ফয়েজ মোহাম্মদ।

জেলা বিএনপি’র সাবেক সহ সংগঠনিক সম্পাদক কাজী মিজান মেননের সঞ্চালনায় এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির আহবায়ক কমিটি সদস্য আনছারুল হক,আলমগীর খান ছাতু,মোছাঃ রোমানা আহম্মদ জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল হক লাবলু, জেলা যুবদলের কাওছার আলী, সাবেক কাউন্সিলর আব্দুর রহিম, বিএনপির নেতা আব্দুল লতিফ নাহিদ আহমেদ, ইমন বিশ্বাস সহ পৌর বিএনপি নেতাকর্মী উপস্থিত ছিলেন।

মুজিবনগরে পেঁয়াজের ন্যায্য মূল্যের দাবিতে মানববন্ধন

“কৃষক বাঁচলে বাঁচবে দেশ, সুখে থাকবে বাংলাদেশ” এই স্লোগানকে সামনে রেখে পেঁয়াজের ভরা মৌসুমে ভারতসহ অন্যান্য দেশ থেকে পেঁয়াজ আমদানি বন্ধ এবং ন্যায্য মূল্যের দাবিতে মানববন্ধন করেছেন মুজিবনগরের পেঁয়াজ চাষিরা।

নতুন পেঁয়াজ উৎপাদন মৌসুম শুরু হওয়ায় কৃষকরা পেঁয়াজ তুলতে শুরু করেছেন। তবে, ব্যবসায়ীরা বিদেশ থেকে পেঁয়াজ আমদানি করায় ন্যায্য দাম না পেয়ে ব্যাপক আর্থিক ক্ষতির মুখে পড়ছেন স্থানীয় কৃষকরা। এ পরিস্থিতিতে মৌসুমের এই সময়ে পেঁয়াজ আমদানি বন্ধের দাবি জানিয়েছেন তারা।

সোমবার (১০ ফেব্রুয়ারি) বিকাল ৪টার দিকে মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ বাজারে স্থানীয় কৃষক সমাজের ব্যানারে আয়োজিত এক মানববন্ধনে কৃষকরা সরকারের কাছে এই দাবি জানান।

মানববন্ধনে চাষিরা অভিযোগ করেন, “যখনই পেঁয়াজের ভরা মৌসুম শুরু হয়, তখনই সরকার পেঁয়াজ আমদানি করে। এর ফলে লোকসানের মুখে পড়তে হয় কৃষকদের। এবারও তার ব্যতিক্রম হয়নি। ভারত থেকে পেঁয়াজ আমদানির ফলে স্থানীয় বাজারে ব্যাপক প্রভাব পড়েছে।”

বর্তমানে প্রতি কেজি পেঁয়াজ ২৫ থেকে ২৭ টাকা দরে বিক্রি হচ্ছে, যা উৎপাদন খরচের তুলনায় খুবই কম বলে দাবি করেন চাষিরা। তারা জানান, ভরা মৌসুমে পেঁয়াজ আমদানি বন্ধ না হলে বড় ধরনের লোকসানের মুখে পড়বেন তারা। এজন্য আগামী তিন মাস পেঁয়াজ আমদানি বন্ধের দাবি জানান উপজেলার কৃষকরা।

গত বছর পেঁয়াজের দাম বেশি হওয়ায় এবং দেশের চাহিদা মেটাতে কৃষকরা এ বছর বেশি পরিমাণে পেঁয়াজ আবাদ করেছেন। তবে কৃষকরা যখন পেঁয়াজ তুলতে শুরু করেছেন, ঠিক তখনই বিদেশ থেকে কম দামে এই কৃষিপণ্য আমদানি করা হচ্ছে, যা কৃষকদের জন্য বড় বিপর্যয় সৃষ্টি করেছে।

মেহেরপুরের আমদাহে জেলা বিএনপি’র কর্মী সমাবেশ

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র কেন্দ্রীয় ঘোষিত প্রক্রিয়ায় দলের পুনর্গঠন, জাতীয় ও স্থানীয় পর্যায়ে সকল চ্যালেঞ্জ মোকাবেলায় দলকে সক্ষমতা অর্জনের প্রত্যয়ে জেলা বিএনপির কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (১০ ফেব্রুয়ারি) বিকেল ৪ টার দিকে আমদহ ইউনিয়ন বিএনপির উদ্যোগে এ কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপি’র সদস্য এম এ কে খায়রুল বাসারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র আহবায়ক জাভেদ মাসুদ মিল্টন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাড. কামরুল হাসান, যুগ্ম আহবায়ক আমিরুল ইসলাম ও ফয়েজ মোহাম্মদ।

সদর উপজেলা বিএনপি’র সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল ইসলাম রিপনের সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সদস্য ইলিয়াস হোসেন, আলমগীর খান সাতু, হাফিজুর রহমান হাফি, ওমর ফারুক লিটন, মোছাঃ রোমানা আহম্মদ প্রমুখ।

এছাড়াও এসময় জেলা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক কাওছার আলী, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, সাবেক কাউন্সিলর আব্দুর রহিম, সদর থানা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপ্নন, সদর উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব ইলিয়াস হোসেন, মোশিউল আলম দিপু, নাহিদ আহমেদসহ আমদহ ইউনিয়ন বিএনপি’র নেতাকর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুরে অপারেশন ডেভিল হান্ট, আওয়ামী লীগ কর্মী গ্রেফতার

মেহেরপুরে যৌথবাহিনী পরিচালিত অপারেশন “ডেভিল হান্টে” বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সন্ত্রাস বিরোধী আইনে দায়ের মামলায় আওয়ামী লীগের স্থানীয় নেতা তানসেন আলীকে গ্রেফতার করা হয়েছে।

তানসেন আলী মেহেরপুর শহরের ১ নং ওয়ার্ড নতুনপাড়ার মৃত সিরাজুল ইসলামের ছেলে। মেহেরপুরে কর্মরত সেনাবাহিনীর নেতৃত্বে পরিচালিত যৌথবাহিনীর সদস্যরা গতরাতে তার বাড়িতে অভিযান চালিয়ে তানসেনকে গ্রেফতার করেন। মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মেসবাহ উদ্দীন এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের উপর হামলার অভিযোগে ছাত্রনেতা হাসনাত জামানের সন্ত্রাস বিরোধী আইনে দায়ের করা জিআর ২৬৩/২৪ নং মামলার এজাহার নামীয় ৯১ নং আসামি।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থী হাসনাত জামান বাদি হয়ে সন্ত্রাস দমন আইনে সাবেক জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন, তার স্ত্রী মোনালিসা হোসেন, ভাই সরফরাজ হোসেন মৃদুলসহ ১৬৬ জনের বিরুদ্ধে একটি মামলা দায়ের করেন।

এই মামলায় সাবেক জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেনকে প্রথম দফায় ২ দিন ও পরবর্তিতে দ্বিতীয় দফায় ৫ দিনের রিমান্ডে রয়েছে।

মেহেরপুরে তিনটি ইটভাটা বন্ধ, ২ লাখ ৩০ হাজার টাকা জরিমানা

আদায়

মেহেরপুরে পরিবেশ অধিদপ্তর ও জেলা প্রশাসনের যৌথ নেতৃত্বে মেহেরপুরের গাংনী উপজেলার হিজলবাড়িয়া গ্রামে তিন ফসলি জমিতে গড়ে ওঠা তিনটি অবৈধ ইটভাটায় অভিযান পরিচালনা করে বন্ধ ঘোষণার পাশাপাশি ভেঙে গুড়িয়ে দিয়েছে ভ্রাম্যমাণ আদালত। একই সঙ্গে তিন ইটভাটা থেকে ২ লাখ ৩০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে।

সোমবার সকাল থেকে দুপুর পর্যন্ত এ অভিযান চালানো হয়। এসময় বিপুল পরিমাণ কাঁচা ইট পানি দিয়ে বিনষ্ট করা হয়েছে। জরিমানা করা হয়েছে, এসএইচবিসি ইটভাটার মালিক ইকরামুল হককে ২ লাখ টাকা, ফোর স্টার ব্রিকসে শ্রমিক হিসেবে কাজ করার অপরাধে শ্রমিক ইকলাছুর রহমানকে ১০ হাজার, বলাকা ব্রিকসের মালিক মিলন হোসেনকে ২০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

এসময় ফায়ারা সার্ভিস ও সিভিল ডিফেন্সের সদস্য দিয়ে পানি ছিটিয়ে ফোর স্টার ব্রিকস’র কাঁচা ইট ধ্বংস ও এক্সকাভেটর দিয়ে ভেঙে দেওয়া হয়েছে হিজলবাড়িয়ার বলাকা ব্রিকস।

ভাটাগুলো অবৈধভাবে পরিচালিত হচ্ছিল। একই সঙ্গে তিনটি ইটভাটায় ২ লাখ ৩০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। প্রত্যেক ইটভাটায় কমপক্ষে ২০ থেকে ৩০ একর তিন ফসলি জমি ব্যবহার করা হয়েছে। এসময় বিপুল সংখ্যক উৎসুক জনতাও ভিড় জমান।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সাদ্দাম হোসেন। উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিবেশ অধিদপ্তরের সহকারি পরিচালক মোজফ্ফর খান। ভ্রাম্যমাণ আদালতকে সহযোগীতা করেন, গাংনী থানা পুলিশ ও বামন্দী ফায়ার সার্ভিসের একটি টিম।

ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট সাদ্দাম হোসেন জানান, ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ সনের ৫৯ নং আইনে দুটি ইটভাটাতে অভিযান চালিয়ে বন্ধ ঘোষণা করা হয়েছে। এসময় ভাটা দুটিতে পানি দিয়ে কাঁচা ইট বিনষ্ট ও এক্সকাভেটর দিয়ে গুড়িয়ে দেওয়া হয়েছে। পরিবেশদূষণ রোধে অবৈধ ইটভাটার বিরুদ্ধে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। পর্যায়ক্রমে জেলার সকল অবৈধ ইটভাটাতে অভিযান চালানো হবে।

উল্লেখ্য, পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র ছাড়াই জেলার তিনটি উপজেলায় প্রায় ১০৮ টি ইটভাটা গড়ে উঠেছে বলে জানান জেলা প্রশাসন।

পাতা কপির কেজি ১টাকা, সাত কেজি আলু মিলছে একশ টাকায়

মেহেরপুরে ১ টাকা কেজি কপি, ১ শত টাকায় মিলছে সাত কেজি আলু এতে ক্রেতারা খুশি হলেও উৎপাদন খরচ উঠছেনা ফলে দুশ্চিন্তা চাষিদের। সবজির এমন দরপতনে আগামীতে সবজি আবাদে আগ্রহ হারাবেন চাষিরা। তবে চাল ডাল, তেল, মসলার দাম উর্ধমুখী। এখানে সস্তি নেই স্বল্প আয়ের মানুষের।

সরেজমিনে দেখা গেছে, মেহেরপুরে পাইকারি বাজারে শীতকালীন সব ধরনের সবজি ও পেঁয়াজের দরে ধস নেমেছে। পূর্বের সব রেকর্ড ভেঙে পাইকারিতে প্রতি কেজি বাঁধাকপি ও ফুলকপি ১ টাকা কেজি এবং ১০০ টাকায় পাওয়া যাচ্ছে ১০ কেজি আলু। গত শনিবার গাংনী কাঁচা বাজারে পাইকারি প্রতি কেজি আলু ৮ থেকে ১০ টাকা, পেঁয়াজ ২৫ থেকে ২৬ টাকা, টমেটো ৮ থেকে ১০ টাকা, শসা ১৫ থেকে ১৬ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে।

পূর্বমালসাদ গ্রামের চাষি আতিয়ার রহমান জানান, তিনি এবার এক বিঘা জমিতে মুড়িকাটা পেঁয়াজ আবাদ করেন যার খরচ হয় প্রায় ৮০ হাজার টাকা। পেঁয়াজ বিক্রি করে যে টাকা হয়েছে তাতে লোকসান হয়েছে প্রায় ৩০ হাজার টাকা।

একই গ্রামের আলুচাষি কুদ্দুস আলী জানান, এক বিঘা জমিতে আলু চাষ করে চরম বিপাকে রয়েছেন। আলুর যা দাম তাতে খেত থেকে তুলে আনার শ্রমিক খরচই উঠছে না।

সাহারবাটি গ্রামের সবিজচাষি হাসিবুল ইসলাম বলেন, গেল কয়েকদিন গবাদি পশুতে খেয়েছে বাঁধাকপি ও ফুলকপি। পরবর্তী আবাদ করার জন্য চাষীরা খেত পরিষ্কার করার চেষ্টা করছেন। তাই অনেকেই খেত থেকে বিনামূলে কপি তুলে হাটে বিক্রি করছেন। এ দিকে চাহিদার চেয়ে

উৎপাদন কয়েকগুণ বেড়ে যাওয়ায় দর পতন বলে জানান ব্যবসায়ীরা।

তবে সারাদেশে আবাদ বৃদ্ধি পাওয়ায় মেহেরপুর জেলার সবজি খুব বেশি পরিমাণ অন্য জেলায় যাচ্ছে না বলে জানিয়েছেন গাংনী কাঁচাবাজারের পাইকারি সবজি আড়তদার নাজমুল ইসলাম। সবজি বিক্রি করে চাউল, ডাউল মসলা ও তেল কিনতে নাভিশ্বাস উঠছে চাষিসহ সাধারন মানুষের।

তিনি বলেন, মেহেরপুর তহহাট ও গাংনী কাঁচা বাজার থেকে ঢাকাসহ দেশের বিভিন্ন জেলায় সবজি সরবরাহ করা হয়। কিন্তু বিভিন্ন জেলায় প্রচুর পরিমাণে সবজি আবাদ হওয়ায় চাহিদা কমে গেছে। বাজারে বিপুল পরিমাণ সবজি আসলেও পানির দরে বিক্রি করতে বাধ্য হচ্ছেন চাষিরা। এতে ক্রেতারা খুশি হলেও পথে বসছেন চাষিরা।